# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ২১০/২০১৭-১৮**

**ঢাকা, শুক্রবার, ২৭ এপ্রিল ২০১৮, ১৪ বৈশাখ ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। 'গ্লোবাল সামিট অভ্ উইমেন' সম্মেলনে যোগ দিতে অস্ট্রেলিয়ার সিডনিতে পৌঁছেছেন প্রধানমন্ত্রী

২। দেশের উন্নয়নে নারীরা এখন সমানতালে ভূমিকা রাখছে : নারায়ণগঞ্জে স্পিকার

৩। জাতীয় মেধাসম্পদ নীতিমালা শীঘ্রই চূড়ান্ত করা হবে : সেমিনারে শিল্পমন্ত্রী

৪। কমিউনিটি ক্লিনিক বিশ্বে রোল মডেল : স্বাস্থ্যমন্ত্রী

৫। সকল শিশুর স্কুলে গমন নিশ্চিত করতে হবে : প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী

৬। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে কৃষিতে বিপ্লব হয়েছে : কর্মশালায় বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী

৭। সীমান্তে হত্যা বন্ধে একমত বিজিবি-বিএসএফ

৮। শেরেবাংলা এ কে ফজলুল হকের মৃত্যুবার্ষিকী আজ

চলমান পাতা-২

**১। ‘গ্লোবাল সামিট অভ্ উইমেন’ সম্মেলনে যোগ দিতে অস্ট্রেলিয়ার সিডনিতে পৌঁছেছেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ‘গ্লোবাল সামিট অভ্ উইমেন’ সম্মেলনে যোগ দিতে অস্ট্রেলিয়ার সিডনিতে পৌঁছেছেন। প্রধানমন্ত্রী তিনদিনের সরকারি সফরে গতকাল (২৬ এপ্রিল বৃহস্পতিবার) সিডনির উদ্দেশে ঢাকা ত্যাগ করেন। প্রধানমন্ত্রী এবং তাঁর সফরসঙ্গীদের নিয়ে থাই এয়ারওয়েজের একটি বিমান দুপুর ১টা ৫০ মিনিটে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ত্যাগ করে। বিমানটি স্থানীয় সময় আজ সকাল ৭টায় (বাংলাদেশ সময় ভোর ৩টা) সিডনি পৌঁছে। সম্মেলনে প্রধানমন্ত্রীকে মর্যাদাপূর্ণ ‘গ্লোবাল উইমেন’স লিডারশিপ অ্যাওয়ার্ড ২০১৮’ প্রদান করা হবে। এ সম্মেলনে প্রধানমন্ত্রী বাংলাদেশে নারীর ক্ষমতায়ন এবং জাতীয় উন্নয়নের মূলধারায় নারীদের সম্পৃক্তকরণে তাঁর সরকারের বিভিন্ন উদ্যোগ তুলে ধরবেন। প্রধানমন্ত্রী তাঁর এ সফলকালে ২৮ এপ্রিল অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী ম্যালকম টার্নবুলের সঙ্গে বৈঠক করবেন। এছাড়া প্রধানমন্ত্রী শেখ হাসিনা ওয়েস্টার্ন সিডনি বিশ্ববিদ্যালয় পরিদর্শন করবেন এবং হোটেল সোফিটেল এ প্রবাসী বাংলাদেশিদের সঙ্গে এক মতবিনিময় সভায় যোগ দেবেন। প্রধানমন্ত্রীর আগামী ২৯ এপ্রিল অস্ট্রেলিয়া ত্যাগ করে পরের দিন দেশে ফিরে আসার কথা রয়েছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

**২। দেশের উন্নয়নে নারীরা এখন সমানতালে ভূমিকা রাখছে : নারায়ণগঞ্জে স্পিকার**

বাংলাদেশ জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, নারীরা এখন আর পিছিয়ে নেই, নারীদের জন্য সরকার সব ধরনের সহায়তার ব্যবস্থা করেছে। বয়স্ক ভাতা, মাতৃত্বকালীন ভাতাসহ বিভিন্ন ভাতার ব্যবস্থা করেছে। দেশের উন্নয়নে নারীরা এখন সমানতালে ভূমিকা রেখে যাচ্ছে। গতকাল (২৬ এপ্রিল বৃহস্পতিবার) নারায়ণগঞ্জের আড়াইহাজারে পুরিন্দা কে এম সাদেকুর রহমান উচ্চ বিদ্যালয়ের সুবর্ণজয়ন্তী উপলক্ষে এক পুনর্মিলনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে স্পিকার এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৫,ক.৬)।

**৩। জাতীয় মেধাসম্পদ নীতিমালা শীঘ্রই চূড়ান্ত করা হবে : সেমিনারে শিল্পমন্ত্রী**

মেধাসম্পদ সুরক্ষায় খুব শীঘ্রই জাতীয় মেধাসম্পদ নীতি চূড়ান্ত করা হবে বলে জানিয়েছেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। তিনি বলেন, মেধাসম্পদের বিষয়টি দীর্ঘদিন ধরে উপেক্ষিত থাকলেও প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনায় শিল্প মন্ত্রণালয় এরই মধ্যে এ নীতির খসড়া তৈরি করেছে। সংশ্লিষ্ট অংশীজনের সঙ্গে আলোচনা করে এটি চূড়ান্ত করা হবে। এ নীতিতে সৃজনশীল উদ্ভাবনে নারীদের অংশগ্রহণ ও সরকারের পৃষ্ঠপোষকতা বাড়ানোর বিষয়টি গুরুত্ব দেওয়া হবে। গতকাল (২৬ এপ্রিল বৃহস্পতিবার) রাজধানীর সিরডাপ মিলনায়তনে বিশ্ব মেধাসম্পদ দিবস উপলক্ষে আয়োজিত এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন শিল্পমন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৬)।

**৪। কমিউনিটি ক্লিনিক বিশ্বে রোল মডেল : স্বাস্থ্যমন্ত্রী**

দরিদ্র ও প্রান্তিক জনগোষ্ঠীর দোরগোড়ায় স্বাস্থ্যসেবা পৌঁছে দিয়ে কমিউনিটি ক্লিনিক এখন বিশ্বব্যাপী রোল মডেলে পরিণত হয়েছে। গতকাল (২৬ এপ্রিল বৃহস্পতিবার) রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে কমিউনিটি ক্লিনিকের ১৮তম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৪), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৭), **অবজারভার** (শেষ পৃ.,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২)।

**৫।	সকল শিশুর স্কুলে গমন নিশ্চিত করতে হবে : প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী**

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী অ্যাডভোকেট মোস্তাফিজুর রহমান বলেছেন, প্রাথমিক বিদ্যালয়সমূহের গমনোপযোগী শতভাগ শিশু ভর্তি নিশ্চিতকরণের বিষয়টি সরকার অত্যন্ত গুরুত্বের সঙ্গে দেখে। তিনি গতকাল (২৬ এপ্রিল বৃহস্পতিবার) পিরোজপুরে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের উদ্যোগে অনুষ্ঠিত জনসচেতনতামূলক মতবিনিময় সভা এবং মা ও অভিভাবক সমাবেশে আরও বলেন, আমরা শিশুদের স্কুলে আনতে পেরেছি, বাচ্চাদের উপস্থিতি বৃদ্ধি করেছি। ফলে শিশুদের ঝরে পড়ার হার কমেছে। আমাদের এখন এ অবস্থাকে ধরে রাখতে হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৩,ক.১)।

**৬।	প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে কৃষিতে বিপ্লব হয়েছে : কর্মশালায় বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী**

বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশে কৃষিক্ষেত্রে বিপ্লব ঘটেছে যা আজ বিশ্বে রোল মডেল। এ সরকারের আমলে গবেষণা খাতে অর্থের কোন ঘাটতি নেই, প্রয়োজন শুধু গবেষণা উদ্যোগের। বিজ্ঞানী ও গবেষকদের বাস্তবমুখী গবেষণাকর্মে এগিয়ে আসতে হবে। গতকাল (২৬ এপ্রিল বৃহস্পতিবার) রাজধানীতে বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্সডক) আয়োজিত কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৭)।

**৭।	সীমান্তে হত্যা বন্ধে একমত বিজিবি-বিএসএফ**

বিজিবি-বিএসএফ যৌথ বৈঠক শেষে জানিয়েছে যে তারা সীমান্তে কোনো মানবাধিকার লঙ্ঘন চায় না। সেই সঙ্গে সীমান্ত হত্যা বন্ধে উভয় দেশের সীমান্তরক্ষীরা নন লিথ্যাল উইপন ব্যবহার করতেও সম্মত হয়েছে। গতকাল (২৬ এপ্রিল বৃহস্পতিবার) বিজিবি ও বিএসএফের ডিজি পর্যায়ের সীমান্ত সম্মেলনশেষে এক ব্রিফিংয়ে দুই মহাপরিচালক এ সব কথা বলেন। পিলখানার বিজিবি সদরদফতরে এ ব্রিফিং হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **এশিয়ান এজ** (শেষ পৃ.ক.২), **অবজারভার** (পৃ.২,ক.১)।

**৮।	শেরেবাংলা এ কে ফজলুল হকের মৃত্যুবার্ষিকী আজ**

অবিসংবাদিত নেতা, উপমহাদেশের প্রখ্যাত রাজনীতিবিদ ও অবিভক্ত বাংলার মুখ্যমন্ত্রী শেরেবাংলা এ কে ফজলুল হকের ৫৬তম মৃত্যুবার্ষিকী আজ। ১৯৬২ সালে এদিন তিনি মৃত্যুবরণ করেন। এ উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ তাঁর বাণীতে বলেছেন, এ কে ফজলুল হকের অসাধারণ ব্যক্তিত্ব, রাজনৈতিক প্রজ্ঞা ও দূরদর্শিতা আগামী প্রজন্মের জন্য অনুসরণীয় হয়ে থাকবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর বাণীতে বলেন, বাংলার গরিব-দুঃখী মানুষের জন্য তাঁর অসীম মমত্ববোধ ও ভালোবাসা এদেশের মানুষকে চিরদিন অনুপ্রাণিত করবে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **বণিকবার্তা :** কমিউনিটি ক্লিনিক বাংলাদেশের স্বাস্থ্যখাতের একটি অন্যতম অর্জন এবং বিশ্বের অনেক দেশের কাছে রোল মডেল হিসেবে চিহ্নিত উল্লেখ করে এ ক্লিনিকগুলোর অবকাঠামো উন্নয়নে নজর দেওয়ার সুপারিশ ।

খ. **ইত্তেফাক :** দেশের একমাত্র চতুর্দেশীয় স্থলবন্দর পঞ্চগড়ের বাংলাবান্ধা দিয়ে ঢাকা ও কাঠমান্ডুর মধ্যে পরীক্ষামূলক বাস চলাচল শুরু হওয়ার কথা উল্লেখ করে এর মাধ্যমে দু'দশের মধ্যে ব্যাবসা-বাণিজ্য, শিক্ষা ও পর্যটন শিল্পের ব্যাপক উন্নয়ন ও সম্ভাবনার দ্বার উন্মোচিত হবে বলে মতপ্রকাশ।

গ. **সংবাদ :** হত্যাচেষ্টা মামলার এক আসামির জামিন নামঞ্জুরকে কেন্দ্র করে ঢাকা চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে কয়েকশ আইনজীবী সংঘবদ্ধ হয়ে আদালত ভবনে ভাংচুর চালানোর নিন্দা জানিয়ে এর সঙ্গে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি।

ঘ. **ভোরের কাগজ :** আসন্ন বৃষ্টিপাত, সম্ভাব্য ঘূর্ণিঝড় এবং প্রতিকূল আবহাওয়ার কারণে বাংলাদেশে অবস্থানরত লাখ লাখ রোহিঙ্গা গুরুতর ঝুঁকির মধ্যে রয়েছে উল্লেখ করে বর্ষা শুরুর আগেই রোহিঙ্গাদের নিরাপদ স্থানে সরিয়ে নেওয়ার সুপারিশ।

ঙ. **যায়যায়দিন, যুগান্তর, বণিকবার্তা, নিউ এজ :** কার্ড জালিয়াতির কৌশল প্রয়োগ করে এক ব্যক্তি কর্তৃক বিভিন্ন ব্যাংকের গ্রাহকদের কোটি কোটি টাকা হাতিয়ে নেওয়ার ঘটনার নিন্দা জানিয়ে এ ঘটনার জন্য দায়ী ব্যক্তিকে কঠোর শাস্তির পাশাপাশি ব্যাংকিংখাতে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার পরামর্শ করে সম্পাদকীয় প্রকাশ ।

#

শুকলা/সাঈদা/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা